

# ইবির 'ডি' ইউনিটে ৭০ শতাংশ পাশ, সর্বোচ্চ নম্বর ১০৪.২৫

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ২৩:০০, ১১ মে ২০২৫



ছবি: সংগৃহীত

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ধর্মতত্ত্ব অনুষদভুক্ত স্বতন্ত্র 'ডি' ইউনিটে ২০২৪-২৫ বর্ষের স্নাতক প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এতে ১ হাজার ৮২৮ জন অংশগ্রহণকারীর মধ্যে ১ হাজার ২৮৭ জন পাশ করেছেন। যা মোট পরীক্ষার্থীর ৭০ দশমিক ৪০ শতাংশ।

এদিকে দুইজন শিক্ষার্থী যৌথভাবে পরীক্ষায় জিপিএসহ ১২০ নম্বরের মধ্যে ১০৪ দশমিক ২৫ নম্বর পেয়ে মেধা তালিকায় প্রথম দিকে রয়েছেন। তারা হলেন রাকিবুল হাসান ও শয়ন আরাফাত।

রবিবার (১১ মে) রাত পোনে নয়টায় উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহর কাছে ফলাফল হস্তান্তর করেন ইউনিট সমন্বয়কারী ও ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. ছিদ্দিকুর রহমান আশ্রাফী। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম, প্রক্টর অধ্যাপক ড. শাহীনুজ্জামানসহ অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ইউনিট সমন্বয়কারী অধ্যাপক ড. আ ব ম ছিদ্দিকুর রহমান আশ্রাফী জানান, এবারের 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় কৃতকার্য হয়েছেন ১ হাজার ২৮৭ জন। যা মোট পরীক্ষার্থীর ৭০ দশমিক ৪০ শতাংশ। মেধাতালিকা ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এতে ৩২০টি আসনের বিপরীতে ৯৬০ জনের তালিকা দেওয়া হয়েছে। আসন খালি থাকা সাপেক্ষে পরবর্তী তালিকা প্রকাশ করা হবে।

উল্লেখ্য, রবিবার (১১ মে) সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবারের ভর্তি পরীক্ষায় মোট ২ হাজার ২৪ জন ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আসন বিন্যাস করা হয়। পরীক্ষায় অংশগ্রহণ করেন ১ হাজার ৮২৮ জন এবং উপস্থিত হার ৯০.৩১ শতাংশ।

×



Now Playing

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | ...

Share

Watch on

Humax

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

এই ইউনিটে থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত ৩টি বিভাগ রয়েছে। আল-কোরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ ও আল-হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ। এছাড়া কলা অনুষদভুক্ত আরবি ভাষা ও সাহিত্য বিভাগ রয়েছে। বিশ্ববিদ্যালয়টি ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে গুচ্ছভুক্ত হয়ে অন্যান্য অনুষদের ভর্তি পরীক্ষা নিলেও ধর্মতত্ত্ব অনুষদের স্বতন্ত্রভাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## ১ম, ২য়, ৩য় মেরিট লিস্ট দেখুন

<https://www.iu.ac.bd/public/images/notice/00d259453d939e901ef3c7c547fd3cc6.pdf>

<https://www.iu.ac.bd/public/images/notice/c63940d8ab80e81936775b6ce028fe57.pdf>

<https://www.iu.ac.bd/public/images/notice/ca90eeb89d27551532bac77db09a1568.pdf>